মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

কার্যালয় ঃ বাড়ী নং-০৩, রোড নং- ই/১, ব্লক-সি শাহজালাল উপশহর, সিলেট-৩১০০

স্মারক নং ঃ সিশিবো/বিদ্যা/শাখা অনুঃ/ সিল-১৩৪/ ৩৩২

তারিখ ঃ ২৭/১০/১৪১৬ বাং
০৯/০২/২০১০ খ্রিঃ

বিষয় ঃ **অতিরিক্ত শ্রেণী শাখা বহাল রাখা ও খোলার জন্য পরিদর্শন প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র ঃ শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ-১১/৩(১০)/৯৯/২১৩, তারিখ ঃ ১০/০২/২০০৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে বালাগঞ্জ ডি.এন উচ্চ বিদ্যালয়, বালাগঞ্জ, সিলেট এ ষষ্ঠ শ্রেণী হতে নবম শ্রেণী পর্যন্ত ০৬ (ছয়) টি অতিরিক্ত শ্রেণী শাখা বহাল রাখা এবং দশম শ্রেণীতে ০১ (এক) অতিরিক্ত শ্রেণী শাখা খোলার জন্য সরেজমিন পরিদর্শনপূর্বক প্রস্তুতকৃত পরিদর্শন প্রতিবেদন এতদসঙ্গে সদয় পরবর্তী কার্যার্থে প্রেরণ করা হল।

সংযুক্তি ঃ ক) প্রতিবেদন -০২ পাতা।
খ) সর্বোচ্চ শিক্ষক এম.পি.ও ভূক্তির তালিকা- ০১ পাতা।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

(মোঃ আব্দুল মান্নান খান) ০৯/২/১০
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

প্রাপক ঃ **মহাপরিচালক**
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

অনুলিপি ঃ

১. প্রধান শিক্ষক, বালাগঞ্জ ডি. এন উচ্চ বিদ্যালয়, বালাগঞ্জ, সিলেট।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

কার্যালয় ঃ বাড়ী নং-০৩, রোড নং- ই/১, ব্লক-সি শাহজালাল উপশহর, সিলেট-৩১০০

পরিদর্শন প্রতিবেদন

পরিদর্শনের তারিখ ঃ ১৮/১২/২০০৯ খ্রিঃ

প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ বালাগঞ্জ ডি, এন উচ্চ বিদ্যালয়, বালাগঞ্জ, সিলেট।

প্রতিষ্ঠার সন ঃ ১৯৪৬ খ্রিঃ

বর্তমান স্বীকৃতির মেয়াদ ঃ ৩১/১২/২০১১ খ্রিঃ পর্যন্ত

এম পি ও ভূক্তির তারিখ ঃ ০১/০২/১৯৮১ খ্রিঃ

শ্রেণী ভিত্তিক শিক্ষার্থীর বিবরণী ঃ

শ্রেণী	শাখা	মোট পরীক্ষার্থী	উপস্থিত শিক্ষার্থী	মন্তব্য
৬ষ্ঠ	ক	৯৭	৯৬	
	খ	৭৪	৭০	
	গ	৬৬	৬৪	
৭ম	ক	৯২	৮৪	
	খ	৪৭	৪৫	
	গ	৫৬	৫২	
৮ম	ক	১০২	৯৫	
	খ	৮৮	৭৭	
৯ম	ক	৭৮	৭৩	
	খ	৮৭	৭৮	
১০ম	ক	১৭৯	১৪০	
	মোট	৯৬৬	৮৭৪	

এস,এস,সি পরীক্ষার ফলাফল বিবরণী ঃ

পরীক্ষার সন	মোট পরীক্ষার্থী	পাশের সংখ্যা	পাশের হার	গড় পাশের হার
২০০৭	৯০	৫৫	৬১.১১%	৫৩.৯৭%
২০০৮	৯৬	৪৭	৪৮.৯৬%	
২০০৯	১৩৫	৭০	৫১.৮৫%	

জুনিয়র বৃত্তি পরীক্ষার ফলাফল ঃ

পরীক্ষার সন	মোট পরীক্ষার্থী	বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী
২০০৬	৩৮	০২
২০০৭	৩৭	০৭
২০০৮	৪১	০৭

শিক্ষক-শিক্ষিকা ঃ ১৮ জন (শিক্ষক-১৪, শিক্ষিকা -০৪) এবং কর্মচারী ০৫ জন।

এম পি ও ভূক্ত ঃ ১৩ জন

এম পি ও বহির্ভূত ঃ ০৫ জন

অনুমোদিত বিভাগ ঃ মানবিক ও বিজ্ঞান

বিদ্যালয়ের জমির পরিমান ঃ ৭.৩০ একর ।

আর্থিক স্থিতি ঃ সংরক্ষিত তহবিল -৩৪,৬৯,৭৩৩/= সাধারণ তহবিল - ৬,৭৩,১৪৯/=

বিদ্যালয় গৃহের বিবরণ ঃ ০৩ টি পাকা ভবন ও ০৩ টি আধা পাকা ভবন আছে।

মোট আয়তন ঃ শ্রেণী কক্ষের মোট আয়তন ১৬৭১৫ বর্গফুট ।

কক্ষ সংখ্যা ঃ সর্বমোট ৩০ টি। প্রশাসনিক কক্ষ- ০৫ টি, শিক্ষক মিলনায়তন-০১ টি, শ্রেণী কক্ষ-১৬, বিজ্ঞানাগার-০২ টি কম্পিউটার ল্যাব- ০১ , গ্রন্থাগার-০১ টি, নামাজের ঘর-০১ টি, স্টোর রুম- ০১ টি , অন্যান্য

গ্রন্থাগারের বিবরণ	ঃ একটি আলাদা কক্ষ
বইয়ের সংখ্যা	ঃ ১০৫৬
আসবাব পত্র(শ্রেণী কক্ষে)	ঃ ডেস্ক -২৯৪ টি, বেঞ্চ - ২৯৪ টি, চেয়ার- ৬৫ টি, টেবিল - ২৪ টি, আলমারী-১৬ টি, ষ্টীলের আলমারী- ১১ টি
কম্পিউটার	ঃ ০২ টি।
টিউবওয়েল	ঃ ০৩ টি।
টয়লেট	ঃ ০৭ টি (শিক্ষকদের-০২ টি এবং শিক্ষার্থীদের - ০৫ টি)।

মন্তব্য ও সুপারিশ ঃ অতিরিক্ত শ্রেণী শাখা বহালের আবেদনের প্রেক্ষিতে বিদ্যালয়টি সরেজমিনে আকস্মিক পরিদর্শন করা হয়। বিদ্যালয়টি সিলেট জেলার বালাগঞ্জ উপজেলায় অবস্থিত। বিদ্যালয়টিতে পাঠদান কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজন অনুযায়ী শ্রেণী কক্ষ ও আসবাবপত্র বিদ্যমান। পাঠদানের জন্য প্রয়োজনীয় শিক্ষা উপকরণ ব্যবহার করা হয়। মাধ্যমিক পরীক্ষার ফলাফল মোটামুটি সন্তোষজনক। পরিদর্শনকালে বিদ্যালয়ে সংরক্ষিত শিক্ষক এম.পি.ও. ভূক্তির তালিকা, শিক্ষক হাজিরা খাতা এবং আনুষাঙ্গিক কাগজপত্র পর্যালোচনায় নিম্নোক্ত শ্রেণী শাখা বিদ্যমান রয়েছে মর্মে প্রমাণ পাওয়া যায়। কিন্তু এতদ্‌সংক্রান্ত সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কোন অনুমতিপত্র বিদ্যালয় কর্তৃপক্ষ দেখাতে পারেননি।

শ্রেণী	শাখাসমূহ	বহাল রাখা/ খোলার জন্য আবেদনকৃত শাখাসমূহ	মন্তব্য
৬ষ্ঠ শ্রেণী	ক, খ ও গ	খ ওগ	সর্বোচ্চ শিক্ষক এম,পি,ও ভূক্তির তালিকা সংযুক্ত।
৭ম শ্রেণী	ক , খ ও গ	খ ও গ	
৮ম শ্রেণী	ক ও খ	খ	
৯ম শ্রেণী	ক ও খ	খ	
১০ম শ্রেণী	ক	খ (নতুন শাখা খোলা)	

২০০৩ সালে উক্ত বিদ্যালয়ে এম.পি.ও. ভূক্ত ১৬ জন শিক্ষক-শিক্ষিকা ছিলেন। শিক্ষকদের অবসর গ্রহণ এবং ১৯৯৫ সালের মাধ্যমিক বিদ্যালয়ের জনবল কাঠামোর কারণে বর্তমানে উক্ত বিদ্যালয়ে ১৩ জন এম. পি.ও. ভূক্ত শিক্ষক রয়েছেন। শিক্ষার্থী সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে কিন্তু শ্রেণী শাখা বহাল রাখার অনুমতি না থাকায় নতুন করে শিক্ষক নিয়োগ করার সুযোগ নেই বিধায় খন্ডকালীন শিক্ষক নিয়োগ করে শাখাগুলোর পাঠদান কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। শিক্ষার প্রসার ও মান উন্নয়নের স্বার্থে অতিরিক্ত শ্রেণী শাখাগুলো বহাল রাখা এবং ১০ম শ্রেণীতে শিক্ষার্থী সংখ্যা অত্যধিক হওয়ায় "খ" শাখা নামে একটি অতিরিক্ত শ্রেণী শাখা খোলার প্রয়োজনীয়তা রয়েছে।

যেহেতু উক্ত বিদ্যালয়ে বিদ্যমান শ্রেণী শাখা বহাল রাখার জন্য প্রয়োজনীয় শিক্ষার্থী ও ভৌত অবকাঠামো রয়েছে, তাই শিক্ষার প্রসার ও মান উন্নয়নের স্বার্থে উক্ত বিদ্যালয়ে ৬ষ্ঠ শ্রেণীতে "খ ও গ" ৭ম শ্রেণীতে "খ ও গ", ৮ম শ্রেণীতে "খ" ও নবম শ্রেণীতে "খ" নামে মোট ০৬ (ছয়) টি বিদ্যমান অতিরিক্ত শ্রেণী শাখা বহাল রাখা এবং ১০ম শ্রেণীতে "খ" নামে একটি অতিরিক্ত শাখা খোলার অনুমতি প্রদান করা যেতে পারে।

সদয় পরবর্তী ব্যবস্থা গ্রহণ করার জন্য প্রেরণ করা হল।

(মোঃ আব্দুল মান্নান খান) ০৭/২/১০

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

সিলেট।